দৈনিক বাংলা
তারিখ 09 JAN 1990
পৃষ্ঠা ... কলাম ...

## মেডিক্যাল কলেজ সমূহের ভর্তি পরীক্ষা

মেডিক্যাল কলেজের ভর্তি পরীক্ষা সম্বন্ধে গত ১৯শে ডিসেম্বর তারিখের দৈনিক বাংলার জনমত কলামে প্রকাশিত চিঠিটির প্রতি আমার দৃষ্টি আকৃষ্ট হয়েছে। আসলে বাংলাদেশের বর্তমান শিক্ষা ব্যবস্থায় ভর্তি পরীক্ষা একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পরীক্ষা। এমনি একটি পরীক্ষা মেডিক্যাল কলেজ সমূহের এম সি কিউ (মাল্টিপল চয়েস কোশ্চেন) টাইপ ভর্তি পরীক্ষা। এই এম সি কিউ টাইপের প্রথম বারের পরীক্ষার্থী হিসাবে এবারের পরীক্ষার সময়কাল আমাকে বিস্মিত করেছে। উল্লেখ্য, পরীক্ষায় যে ১৫০টি প্রশ্নের উত্তর আমরা তিন ঘন্টায় দিয়েছি সে ১৫০টি প্রশ্নেই এবার ২ ঘন্টায় পরীক্ষা নেয়া হবে। আবার ১৫০টি প্রশ্ন পড়তে ও প্রতিটি প্রশ্নের জন্য এক বা একাধিক বৃত্ত পূরণ করতে (উত্তরপত্র) সময় লাগে ১ ঘন্টা বা তারও বেশী। অর্থাৎ ১৫০টি প্রশ্নের জন্য চিন্তা-ভাবনা করে উত্তর স্থির করার জন্য সময় বাকী থাকে ১ ঘন্টা অর্থাৎ প্রতিটি প্রশ্নে ২৪ সেকেন্ড। অথচ এমন অনেক প্রশ্ন থাকে যেগুলির জন্য ভেবে চিন্তে উত্তর স্থির করতে ১ মিনিট সময়ও যথেষ্ট নয়। বিষয়টির প্রতি সংশ্লিষ্ট কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ জামাল হোসেন,
১/৪১০, মেডিক্যাল কলেজ
হোস্টেল,
বরিশাল।

BANGLADESH BUREAU OF EDUCATIONAL INFORMATION AND STATISTICS
FREE FROM PARAMETERS
1. PROGRAM
2. PROGRAM
REMARKS